



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



চতুর্দশ ডোনার সংবর্ধনা, নবীন বরণ ও দায়িত্ব হস্তান্তর ২০২৩ অনুষ্ঠিত



১২ ফেব্রুয়ারি ২০২৩-রবিবার বাঁধন, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে কেন্দ্রীয় মিলনায়তনে চতুর্দশ ডোনার সংবর্ধনা, নবীন বরণ ও দায়িত্ব হস্তান্তর ২০২৩ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক।

বাঁধন, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সভাপতি মাহিয়ান এ. কে. মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, প্রক্টর অধ্যাপক ড. মোস্তফা কামাল এবং উক্ত সংগঠনের জবি ইউনিটের প্রধান উপদেষ্টা মোঃ আব্দুল মান্নান। এছাড়াও আরো উপস্থিত ছিলেন বাংলাদেশ ছাত্রলীগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মোঃ ইব্রাহিম ফরাজী ও সাধারণ সম্পাদক মোঃ আকতার হোসাইন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক সুরাইয়া আহমেদ। অনুষ্ঠানের শুরুতে একটি র্য়ালি উপাচার্যের নেতৃত্বে পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



উল্লেখ্য অনুষ্ঠানে বাঁধন, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ইউনিটের নতুন কার্যকরী পরিষদ ২০২৩ ঘোষণা করা হয়। সভাপতি হিসেবে ইসলামিক স্টাডিজ বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের রবিউল ইসলাম এবং সাধারণ সম্পাদক হিসেবে উদ্ভিদ বিজ্ঞান বিভাগের একই শিক্ষাবর্ষের আলেমা খাতুন নির্বাচিত হয়।